স্বাধীনতার ৫০ বছরের অনুপ্রেরণায়

The Daily Star

# মুক্তিযুদ্ধ অলিম্পিয়াড

বুদ্ধি খাটাই, ইতিহাস জানি, ইতিহাস জানাই

সহযোগিতায় efood

## স্কুল ক্যাটাগরির প্রশ্ন ব্যাংক

## (৪র্থ - ৬ষ্ঠ শ্রেণী)



এই প্রশ্ন ব্যাংকটি শুধুমাত্র "দ্য ডেইলি স্টার মুক্তিযুদ্ধ অলিম্পিয়াড"
এর অংশগ্রহণকারীদের ব্যবহারের জন্য তৈরী করা হয়েছে।
দ্য ডেইলি স্টারের অনুমতি ব্যতীত এটির মুদ্রণ বা
ডিজিটাল মাধ্যমে প্রকাশ করা আইনত দণ্ডনীয়।

**প্রশ্ন: বহুল আলোচিত অপারেশন জ্যাকপট এর সতর্ক সঙ্কেত হিসেবে নিম্নের কোন গানটি ব্যবহৃত হয়?**
উত্তর: আমার পুতুল আজকে প্রথম যাবে শ্বশুরবাড়ি

**প্রশ্ন: সাত জন বীর শ্রেষ্ঠ পদকপ্রাপ্ত শহীদ মুক্তিযোদ্ধাদের মধ্যে সর্বকনিষ্ঠ (১৮ বছর বয়স) কে ছিলেন?**
উত্তর: হামিদুর রহমান

**প্রশ্ন: "দ্য কনসার্ট ফর বাংলাদেশ" এর অন্যতম সঙ্গীত পরিবেশক পণ্ডিত রবিশঙ্কর কোন বাদ্যযন্ত্র ব্যবহার করে সঙ্গীত পরিবেশন এর জন্য বিখ্যাত ?**
উত্তর: সেতার

**প্রশ্ন: যুদ্ধের সময়ের ফুটেজ শটের উপর ভিত্তি করে তারেক মাসুদ এবং ক্যাথরিন মাসুদ নির্মাণ করেন "মুক্তির গান"। ফুটেজ শট গুলো কার ছিল?**
উত্তর: লেয়ার লেভিন

**প্রশ্ন: ভারত ও ভূটান এর পর ৩য় দেশ হিসেবে বাংলাদেশকে স্বীকৃতি দেয় কোন দেশ ?**
উত্তর: পোল্যান্ড

**প্রশ্ন: মুজিবনগর সরকার এর শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন কে?**
উত্তর: আবদুল মান্নান

**প্রশ্ন: নিচের কোন পাকিস্তানী সাবমেরিনটি ১৯৭১ সালে যুদ্ধ চলাকালে রহস্যজনকভাবে ডুবে যায় ?**
উত্তর: পি এন এস গাজী

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় জাতিসংঘের মহাসচিব ছিলেন কে?**
উত্তর: উ থান্ট

**প্রশ্ন: বাংলাদেশকে প্রজাতন্ত্র ঘোষনা করা হয়েছিল কবে?**
উত্তর: ১৭ এপ্রিল, ১৯৭১

**প্রশ্ন: ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সরকারকে কয়টি শর্ত প্রদান করেন ? শর্তগুলো পূরণ করা হলে আওয়ামী লীগ অধিবেশনে যোগ দেবে কি দেবে না তা বিবেচনা করবে বলে তিনি জানান**
উত্তর: ৪ টি

**প্রশ্ন: বীর শ্রেষ্ঠদের মধ্যে প্রথম মৃত্যুবরণ কে করেন? (১৮ এপ্রিল, ১৯৭১)**
উত্তর: মোস্তফা কামাল

**প্রশ্ন: যুদ্ধে পাকিস্তানের অবশ্যম্ভাবী পরাজয় আঁচ করতে পেরে যুক্তরাষ্ট্রের পাঠানো সপ্তম নৌবহরের প্রধান জাহাজ ছিল কোন বিমানবাহী রণতরী ?**
উত্তর: ইউএসএস এন্টারপ্রাইজ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ চলাকালে ভারতীয় গোয়েন্দা সংস্থা রিসার্চ অ্যান্ড অ্যানালাইসিস উইং (র) সীমান্তবর্তী এলাকাগুলোতে প্রশিক্ষণ ক্যাম্প প্রতিষ্ঠা করে মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ ও বিভিন্ন সামরিক অভিযানে গুরুত্বপূর্ণ গোপন তথ্য সহায়তা দিয়ে স্বাধীন বাংলাদেশ প্রতিষ্ঠায় ভূমিকা রাখে। এসকল কার্যক্রমে "র" এর প্রধান হিসেবে নেতৃত্ব দেন কে ?**
উত্তর: আর এন কাও

**প্রশ্ন: বীরশ্রেষ্ঠ রুহুল আমিন কত নং সেক্টরের হয়ে যুদ্ধ করেন ?**
উত্তর: ১০ নং সেক্টর

**প্রশ্ন: তিনি ৪নং সেক্টরের সেক্টর কমান্ডারের দায়িত্ব পালন করেছেন। মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য তিনি বীর উত্তম খেতাবে ভূষিত হন। তিনি গত ২৫শে আগস্ট,২০২০ এ মৃত্যুবরণ করেন। কার নাম জানতে চাওয়া হচ্ছে?**
উত্তর: চিত্ত রঞ্জন দত্ত

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধ (গাজীপুর) কত তারিখে সংগঠিত হয়?**
উত্তর: ১৯ মার্চ

**প্রশ্ন: কে ভারত থেকে আত্মসমর্পন দলিল নিয়ে আসেন?**
উত্তর: জেনারেল জ্যাকব

**প্রশ্ন: ১৯৭১ সালের সেপ্টেম্বরে যখন প্রথম বিমান বাহিনী গঠিত হয়, তখন এর প্রথম ইউনিটের নাম কী ছিলো? বহু সফল অভিযান পরিচালিত হয়েছিলো এ ইউনিটের অধীনে।**
উত্তর: কিলো ফ্লাইট

**প্রশ্ন: বাংলাদেশকে ১৯৭৫ সালের ৩১ আগস্ট স্বীকৃতি দেয় কে ?**
উত্তর: চীন

**প্রশ্ন: আহত সহযোদ্ধার (নান্নু মিয়া) নিরাপদ দূরত্বে সরে যাওয়া নিশ্চিত করতে একটিমাত্র রাইফেল দিয়ে শত্রুসৈন্যের অগ্রসরতা ঠেকিয়ে রেখে অবশেষে শত্রুর বেয়নেট এর আঘাতে শহীদ হন কোন বীরশ্রেষ্ঠ মুক্তিযোদ্ধা ?**
উত্তর: নূর মোহাম্মদ শেখ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ চলাকালীন ভারতের রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন কে ?**
উত্তর: ভি ভি গিরি

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের স্মৃতিকথামূলক দিনলিপি "একাত্তরের ডাইরি" কার লেখা ?**
উত্তর: সুফিয়া কামাল

**প্রশ্ন: বাংলাদেশের প্রথম অস্থায়ী রাষ্ট্রপতি কে ?**
উত্তর: সৈয়দ নজরুল ইসলাম

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় চট্টগ্রাম কোন সেক্টর এর অধীনে ছিল?**
উত্তর: ১ নং সেক্টর

**প্রশ্ন: কত তারিখে আনুষ্ঠানিকভাবে অস্থায়ী বাংলাদেশ সরকার প্রতিষ্ঠা ও মন্ত্রিপরিষদের শপথগ্রহণ অনুষ্ঠান আয়োজিত হয়?**
উত্তর: ১৭ এপ্রিল

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানী সৈন্যদের মনে ত্রাস সৃষ্টিকারী বহুল আলোচিত কাদেরিয়া বাহিনী মূলত কোন অঞ্চলে সক্রিয় ছিল?**
উত্তর: টাঙ্গাইল

**প্রশ্ন: বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণকে বিশ্ব ঐতিহ্যের অংশ হিসেবে স্বীকৃতি দানকারী প্রতিষ্ঠান কোনটি ?**
উত্তর: ইউনেস্কো

**প্রশ্ন: জর্জ হ্যারিসন আয়োজিত "দ্য কনসার্ট ফর বাংলাদেশ" প্রায় কতজন দর্শকের উপস্থিতিতে অনুষ্ঠিত হয়?**
উত্তর: প্রায় ৪০ হাজার

**প্রশ্ন: বীর প্রতীক উপাধিতে ভূষিত হন মোট কতজন ?**
উত্তর: ৪২৬ জন

**প্রশ্ন: কোন সেক্টর কমান্ডার মিত্রবাহিনীর সঙ্গে উচ্চপর্যায়ের বৈঠক শেষে ভারতের শিলিগুড়ি ক্যান্টনমেন্ট থেকে ফেরার পথে দুর্ঘটনায় প্রাণ হারান ?**
উত্তর: মেজর নাজমুল হক

**প্রশ্ন: শহীদ বীরশ্রেষ্ঠ মতিউর রহমান কোন পাকিস্তানী পাইলট এর থেকে বিমান হাইজ্যাক করে বাংলাদেশে আসার চেষ্টা করেন?**
উত্তর: রাশেদ মিনহাজ

**প্রশ্ন: প্রথম কবে বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয ?**
উত্তর: ০২ ই মার্চ, ১৯৭১

**প্রশ্ন: স্বাধীনতা লাভের পর পাকিস্তান কারাগার থেকে মুক্তি পেয়ে কোন দেশ হয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশে ফিরেন ?**
উত্তর: যুক্তরাজ্য

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ চলাকালীন পাকিস্তান সেনাবাহিনীর সর্বাধিনায়ক ছিলেন কে?**
উত্তর: ইয়াহিয়া খান

**প্রশ্ন: ১৯৭১ সালের বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে পাকিস্তানের পরাজয়ের পর ইয়াহিয়া খানের স্থলে পাকিস্তানের প্রেসিডেন্ট নিযুক্ত হন কে ?**
উত্তর: জুলফিকার আলী ভুট্টো

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ চলাকালীন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ছিলেন কে ?**
উত্তর: রিচার্ড নিক্সন

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময়ে ভারতে আশ্রয় নেয়া শরনার্থীদের জন্য ত্রাণ সংগ্রহের দায়িত্বে কোন নেতা নিয়োজিত ছিলেন?**
উত্তর: এ এইচ এম কামরুজ্জামান

**প্রশ্ন: "দ্য কনসার্ট ফর বাংলাদেশ" এ জর্জ হ্যারিসন এর পাশাপাশি অংশগ্রহণ করেছিলেন নিচের কোন জন?**
উত্তর: রিঙ্গো স্টার

**প্রশ্ন: বীর শ্রেষ্ঠদের মধ্যে সর্বশেষে মৃত্য বরণ কে করেন? (১৪ ডিসেম্বর, ১৯৭১)**
উত্তর: মহিউদ্দিন জাহাঙ্গীর

**প্রশ্ন: ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের স্থায়িত্ব কতক্ষণ ছিল ?**
উত্তর: প্রায় ১৮ মিনিট

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে অসম সাহসিকতার জন্য আদিবাসী/উপজাতী মুক্তিযোদ্ধা ইউ. কে. চিং মারমা কে কোন উপাধিতে ভূষিত করা হয় ?**
উত্তর: বীর বিক্রম

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় মার্কিন কবি অ্যালেন গিন্সবার্গ ভারতে অবস্থিত বাংলাদেশী শরণার্থী শিবিরগুলোতে ঘুরে বেরিয়েছিলেন। এসময়ের অভিজ্ঞতা নিয়ে তিনি একটি কবিতা লিখেন। কবিতাটির নাম কী ?**
উত্তর: সেপ্টেম্বর অন যশোর রোড

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় ৯ নং সেক্টরের সেক্টর কমান্ডার ছিলেন কে ?**
উত্তর: মেজর এম এ জলিল

**প্রশ্ন: কিংবদন্তিতুল্য ক্র্যাক প্লাটুন এর সদস্য এই গেরিলা মুক্তিযোদ্ধা পরবর্তীতে দেশ স্বাধীন হওয়ার পর পপ তারকা হিসেবে ব্যাপক জনপ্রিয়তা লাভ করেন। কে তিনি ?**
উত্তর: আজম খান

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে বাংলাদেশের একটি ফুটবল দল বাংলাদেশের মুক্তিযুদ্ধের পক্ষে জনমত অর্জন এবং মুক্তিযোদ্ধাদের সাহায্যার্থে অর্থ সংগ্রহের উদ্দেশ্যে ভারতের বিভিন্ন স্থানে প্রদর্শনী ফুটবল খেলায় অংশ নেয়। পৃথিবীর ইতিহাসে যুদ্ধকালীন প্রথম ফুটবল দল এটি। এই দলটি কী নামে পরিচিত ছিল ?**
উত্তর: স্বাধীন বাংলা ফুটবল দল

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় কোন বিদেশী মিশনে বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করা হয়?**
উত্তর: কলকাতা মিশনে

**প্রশ্ন: মুক্তিযুদ্ধকালে বাংলাদেশ সরকারের সর্বদলীয় উপদেষ্টা কমিটির চেয়ারম্যান কে ছিলেন ?**
উত্তর: মওলানা আবদুল হামিদ খান ভাসানী

**প্রশ্ন: বাংলা ভাষাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবিতে ১৯৪৭ সালের ৬ই ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে প্রথম যে ছাত্রসভা হয়, তাতে বক্তৃতা প্রদান করেছিলেন তিনি। ১৯৫৩ সালে কারাবন্দী অবস্থাতেই লেখেন বিখ্যাত একটি নাটক। ১৯৬৯ সালে হন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রধান। বিখ্যাত এ নাট্যকার পাকিস্তানের বেসামরিক খেতাব সিতারা-ই-ইমতিয়াজ প্রত্যাখ্যান করেন অসহযোগ আন্দোলনের সমর্থনে। কে তিনি ?**
উত্তর: মুনীর চৌধুরী

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে নিহত হওয়া ক্র্যাক প্লাটুন এর সদস্য গেরিলা মুক্তিযোদ্ধা শহীদ জুয়েল কি হিসেবেও পরিচিত ছিলেন ?**
উত্তর: ক্রিকেটার

**প্রশ্ন: কোন বীরশ্রেষ্ঠ মুক্তিযোদ্ধা কোন সেক্টরের হয়েই যুদ্ধ করেননি ?**
উত্তর: মতিউর রহমান

**প্রশ্ন: নিম্নের কোন বীরশ্রেষ্ঠ বাংলাদেশ রাইফেলস এর সদস্য ছিলেন?**
উত্তর: নূর মোহাম্মদ শেখ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের কোন সেক্টর গঠিত হয়েছিলো শুধুমাত্র নৌ কমান্ডোদের নিয়ে?**
উত্তর: ১০

**প্রশ্ন: মিত্রবাহিনী গঠিত হয় ১৯৭১ সালের কোন মাসে?**
উত্তর: নভেম্বর

**প্রশ্ন: মুক্তিযোদ্ধা তারামন বিবি কোন খেতাবে ভূষিত হন?**
উত্তর: বীর প্রতীক

**প্রশ্ন: "দ্য কনসার্ট ফর বাংলাদেশ" ও অন্যান্য অনুষঙ্গ হতে প্রাপ্ত অর্থ সাহায্যের পরিমাণ ছিলো প্রায় ২,৪৩,৪১৮.৫১ মার্কিন ডলার। কোন সংস্থার মাধ্যমে এই বিপুল পরিমান অর্থ শরণার্থীদের সাহায্যার্থে ব্যয়ীত হয় ?**
উত্তর: ইউনিসেফ

**প্রশ্ন: বাংলাদেশি নৌ কমান্ডোদের সবচাইতে সফল অপারেশন কোনটি ছিলো?**
উত্তর: অপারেশন জ্যাকপট

**প্রশ্ন: বীর শ্রেষ্ঠ রুহুল আমিনের সমাধি কোথায় অবস্থিত?**
উত্তর: রূপসা নদীর তীরে

**প্রশ্ন: বাস্কেটবলের খেলোয়াড় এবং পরবর্তীতে বাংলাদেশ জাতীয় দলের কোচ কাজী কামাল উদ্দিন কোন গেরিলা দলের সদস্য ছিলেন?**
উত্তর: ক্র্যাক প্লাটুন

**প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আরব দেশ কোনটি?**
উত্তর: ইরাক

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে মুজিব বাহিনীর প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন কে?**
উত্তর: শেখ ফজলুল হক মনি

**প্রশ্ন: আগস্ট মাসের কত তারিখে "ক্র্যাক প্লাটুন" এর রুমি, আজাদ, জুয়েল, বদিউল আলম এবং আবু বকর পাকবাহিনীর হাতে ধরা পড়ে এবং পরবর্তীতে শহীদ হয়?**
উত্তর: ২৯

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র "ধীরে বহে মেঘনা" এর নির্মাতা কে?**
উত্তর: আলমগীর কবির

**প্রশ্ন: ব্রাহ্মণবাড়িয়ার দরুইনের যুদ্ধ কোন বীরশ্রেষ্ঠ শহীদ হন?**
উত্তর: মোস্তফা কামাল

**প্রশ্ন: ক্যাপ্টেন পাটোয়ারী, মেজর মঞ্জুর এবং ক্যাপ্টেন জিয়াউদ্দিন এর সাথে কোন সামরিক অফিসার তৎকালীন পশ্চিম পাকিস্তান থেকে পূর্ব পাকিস্তানে পালিয়ে আসেন? পরবর্তীতে তিনি একজন সেক্টর কমান্ডার হন।**
উত্তর: আবু তাহের।

**প্রশ্ন: ১৯৭১ এর কত তারিখে সশস্ত্র বাংলাদেশ বিমান বাহিনীর যাত্রা শুরু হয়?**
উত্তর: ২৮ সেপ্টেম্বর

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক তথ্যচিত্র "স্টপ জেনোসাইড" এর নির্মাতা কে?**
উত্তর: জহির রায়হান

**প্রশ্ন: ১৯৭১ সালের ডিসেম্বর মাসের কত তারিখে যশোর মুক্ত হয়?**
উত্তর: ৬

**প্রশ্ন: অপারেশন জ্যাকপট এ পাকিস্তান বাহিনীর কয়টি জাহাজ ধ্বংস হয়?**
উত্তর: ২৬

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত গান "তীর হারা এই ঢেউয়ের সাগর" এর রচয়িতা কে?**
উত্তর: আপেল মাহমুদ

**প্রশ্ন: ঢাকা শহর কোন সেক্টরের অন্তর্গত ছিলো?**
উত্তর: ২

**প্রশ্ন: সারেং বউ এর লেখক এই বুদ্ধিজীবী যুদ্ধের সময় বেগম সুফিয়া কামাল এর বাসায় ঔষধ এবং খাদ্য পৌঁছে দিতেন মুক্তিযোদ্ধাদের জন্য। তিনি কে?**
উত্তর: শহীদুল্লাহ কায়সার

**প্রশ্ন: কোন আলবদর নেতা "মিরপুরের কসাই" নামে পরিচিত ছিলো?**
উত্তর: আব্দুল কাদের মোল্লা

**প্রশ্ন: পাকিস্তিান সরকার আগরতলা ষড়যন্ত্র মামলা তুলে নিতে বাধ্য হয় কত সালে?**
উত্তর: ১৯৬৯

**প্রশ্ন: প্র্রবাসী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রী কে ছিলেন?**
উত্তর: খন্দকার মোশতাক আহমেদ

**প্রশ্ন: Bangladesh: A Legacy of Blood বইটি কার লেখা?**
উত্তর: এন্থনি মাসকারেনহাস

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে বাংলাদেশের রনাঙ্গণকে কয়টি ব্রিগেড ফোর্সে ভাগ ছিল?**
উত্তর: ৩

**প্রশ্ন: কলকাতার ইসলামিয়া কলেজ থেকে বিএ পাশ করার পর শেখ মুজিবুর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন। পরবর্তী সময়ে তিনি ভাষা আন্দোলন ও পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগ গঠনসহ বিভিন্ন আন্দোলনে যুক্ত হন এবং গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগে ভর্তি হন ?**
উত্তর: আইন

**প্রশ্ন: ৫ নং সেক্টরের সেক্টর কমান্ডার ছিলেন-**
উত্তর: মেজর মীর শওকত আলী

**প্রশ্ন: কবে স্বাধীনতার ইশতেহার পাঠ করা হয়?**
উত্তর: ০৩ মার্চ, ১৯৭১

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত কোন গানটি "ভাঙার গান" হিসেবে পরিচিত ছিল?**
উত্তর: কারার ওই লৌহ কপাট

**প্রশ্ন: কার নেতৃত্বে প্রথম ১৭ জন গেরিলা নিয়ে "ক্র্যাক প্লাটুন" গঠিত হয়?**
উত্তর: এ টি এম হায়দার

**প্রশ্ন: ৫ নং সেক্টর এর হেডকোয়ার্টার কোথায় অবস্থিত ছিল?**
উত্তর: বাঁশতলা

**প্রশ্ন: ১৯৭১ সালের ২০ মে মুক্তিযুদ্ধের চকনগরে অন্যতম বৃহৎ গণহত্যা ঘটে যেখানে প্রত্যক্ষদর্শীদের মতে ১০ হাজারের ও বেশি মানুষ মৃত্যুবরণ করেন। এই চুকনগর বর্তমান কোন বিভাগের অন্তর্ভুক্ত?**
উত্তর: খুলনা

**প্রশ্ন: গঙ্গাসাগর, আখাউড়া ও কসবা কোন সেক্টর এর সাব-সেক্টর ছিল?**
উত্তর: ২

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় আখতার আহমেদ দ্বারা স্থাপিত "বাংলাদেশ হাসপাতাল" কোন সেক্টর এর অধীনে ছিল?**
উত্তর: ২

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে খেতাবপ্রাপ্ত একমাত্র বিদেশি নাগরিক কে ছিলেন?**
উত্তর: উইলিয়াম এস ওডারল্যান্ড

**প্রশ্ন: রাঙামাটির নানিয়ারচর উপজেলায় কোন বীরশ্রেষ্ঠ কে দাফন করা হয়?**
উত্তর: মুন্সী আব্দুর রউফ

**প্রশ্ন: ১ নং সেক্টর এর হেডকোয়ার্টার কোথায় অবস্থিত ছিল?**
উত্তর: হরিনা

**প্রশ্ন: মেজর আবদুল জলিল কয় নং সেক্টরের সেক্টর কমান্ডার ছিলেন?**
উত্তর: ৯

**প্রশ্ন: পাকিস্তান গণপরিষদের নির্ধারিত অধিবেশন স্থগিতের প্রতিবাদে বঙ্গবন্ধু ১৯৭১ সালের কত তারিখ দেশব্যাপী অসহযোগের আহবান জানান?**
উত্তর: ২ মার্চ

**প্রশ্ন:  ৯০০০ টন অস্ত্র ও গোলাবারুদ চট্টগ্রামে অপারেশন সার্চলাইট চালানোর উদ্দেশ্যে পাকিস্তান থেকে একটি জাহাজ আসে। জাহাজটির নাম-**
উত্তর: এমভি সোয়াত

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ জাদুঘর কত সালে প্রতিষ্ঠিত হয়?**
উত্তর: ১৯৯৬

**প্রশ্ন: ঐতিহাসিক আগরতলা ষড়যন্ত্র মামলার ২নং আসামির নাম কি?**
উত্তর: মোয়াজ্জেম হোসেন

**প্রশ্ন: ১৯৭১ সালের ১৫ই ডিসেম্বর একজন প্রখ্যাত গণিতবিদকে আল-বদর বাহিনী হত্যা করে যিনি পরবর্তীতে মরণোত্তর একুশে পদক লাভ করেন। তার নাম-**
উত্তর: আবুল কালাম আজাদ

**প্রশ্ন: "ডেটলাইন বাংলাদেশ: নাইন্টিন সেভেন্টি ওয়ান" গ্রন্থটির রচয়িতা কে?**
উত্তর: সিডনি শনবার্গ

**প্রশ্ন: কাকাত হেনইঞ্চিতা কোন বীর বাঙ্গালি নারী মুক্তিযোদ্ধার আসল নাম?**
উত্তর: কাঁকন বিবি

**প্রশ্ন: ১৯৭১-এর ১৫ আগস্ট রাত ১২টার পর অর্থাৎ ১৬ আগস্ট প্রথম প্রহরে চট্টগ্রাম ও মংলা সমুদ্র বন্দর এবং দেশের অভ্যন্তরে চাঁদপুর ও নারায়ণগঞ্জ নদী বন্দরে একই সময়ে পরিচালিত হয় বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় নৌ-সেক্টর পরিচালিত সফলতম গেরিলা অপারেশন। অপারেশনটির নাম কি?**
উত্তর: অপারেশন জ্যাকপট

**প্রশ্ন: কর্নেল আবু তাহের কে নিয়ে রচিত "Taher's testament: Bangladesh - An Unfinished revolution" বইটি কার লেখা? তিনি একজন মার্কিন সাংবাদিক।**
উত্তর: লরেন্স লিফশুলজ

**প্রশ্ন: জেড ফোর্স গঠিত হয় কোন মাসে?**
উত্তর: জুলাই

**প্রশ্ন: পার্বত্য চট্টগ্রাম কত নং সেক্টরের অন্তর্গত ছিলো?**
উত্তর: ১

**প্রশ্ন: সমগ্র কুষ্টিয়া ও যশোর জেলা কত নং সেক্টরের অন্তর্গত?**
উত্তর: ৮

**প্রশ্ন: বীর প্রতীক কাঁকন বিবি কত সালে মৃত্যুবরণ করেন?**
উত্তর: ২০১৮

**প্রশ্ন: মুজিব নগর কত নং সেক্টরের অংশ ছিলো?**
উত্তর: ৮

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র "A state is born" কার তৈরী?**
উত্তর: জহির রায়হান

**প্রশ্ন: কোন দেশের ভেটোর কারণে বাংলাদেশের জাতিসংঘের সদস্যপদ লাভে বিলম্ব হয়?**
উত্তর: চীন

**প্রশ্ন: ১৯৭১ সালের ২৮ অক্টোবর পাকিস্তান বাহিনীর এক বর্ডার আউট পোস্ট এ ভারতীয় বাহিনীর আক্রমণের মাধ্যমে কোন যুদ্ধ শুরু হয়?**
উত্তর: ধলই

**প্রশ্ন: ১৯৭১ সালের কত তারিখ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পূর্ব পাকিস্তানের সব প্রতিনিধিদের উপস্থিতিতে রমনা রেসকোর্সে একটি ভাবগম্ভীর অনুষ্ঠানের আয়োজন করেন এবং শপথ নেন যে, পাকিস্তানের শাসনতন্ত্র প্রণয়নের সময় তারা কখনও ছয়দফা থেকে বিচ্যুত হবেন না?**
উত্তর: ৩ জানুয়ারি

**প্রশ্ন: মাত্র ৩টি সাব-সেক্টর নিয়ে কোন সেক্টর এর সাব-সেক্টর এর সংখ্যা সর্বনিম্ন ছিল? (১০ নং সেক্টর বাদে)**
উত্তর: ৯

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধের উপর প্রখ্যাত সাংবাদিক অ্যান্থনি মাস্কারানাস ১৯৭১ সালে কোন বইটি প্রকাশ করেন?**
উত্তর: The Rape of Bangladesh

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত গান "রক্ত দিয়ে নাম লিখেছি" এর সুরকার কে?**
উত্তর: সুজেয় শ্যাম

**প্রশ্ন: ১ ইস্ট বেঙ্গল রেজিমেন্ট, ৩ ইস্ট বেঙ্গল রেজিমেন্ট, ৮ ইস্ট বেঙ্গল রেজিমেন্ট, ২ ফিল্ড ব্যাটারি আর্টিলারি ও একটি সিগন্যাল কোম্পানী কোন ব্রিগেডের অংশ ছিল?**
উত্তর: জেড ফোর্স

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ শুরু হয়ে যাওয়ার কারণে বুদ্ধিজীবী জহির রায়হান কোন ইংরেজি চলচ্চিত্র নির্মাণ করা শেষ করতে পারেননি?**
উত্তর: Let There Be Light

**প্রশ্ন: ডিসেম্বর মাসে চূড়ান্ত আক্রমণের ৮ ও ৯ নং সেক্টর একীভূত করে কাকে দায়িত্ব অর্পন করা হয়?**
উত্তর: মেজর এম.এ মঞ্জুর

**প্রশ্ন: জল্লাদখানা বধ্যভূমি বা পাম্পহাউজ বধ্যভূমি কোথায় অবস্থিত?**
উত্তর: মিরপুর-১০

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস "নেকড়ে অরণ্য" এর লেখক কে?**
উত্তর: শওকত ওসমান

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় একমাত্র কোন সেক্টর কমান্ডার মৃত্যুবরণ করেন?**
উত্তর: মেজর নাজমুল হক

**প্রশ্ন: কতজন বিমান সেনা নিয়ে বিমানবাহিনীর বিখ্যাত ইউনিট "কিলো ফ্লাইট" গঠিত হয়?**
উত্তর: ৫৮

**প্রশ্ন: ঢাকা বিশ্ববিদ্যালয়ের টি এস সি তে অবস্থিত মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য "স্বোপার্জিত স্বাধীনতা" এর ভাস্কর কে ছিলেন?**
উত্তর: শামীম শিকদার

**প্রশ্ন: মুক্তাপুর, ডাউকি, শেলা, ভোলাগঞ্জ, বলত এবং বড়ছড়া কোন সেক্টর এর সাব-সেক্টর ছিল?**
উত্তর: ৫

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে বীরত্বসূচক তৃতীয় সর্বোচ্চ উপাধি কোনটি?**
উত্তর: বীর বিক্রম

**প্রশ্ন: বাংলাদেশ সরকারের প্রথম প্রধানমন্ত্রী নিযুক্ত হন কে? তিনি পরবর্তীতে অর্থমন্ত্রীর দায়িত্বও পালন করেন।**
উত্তর: তাজউদ্দীন আহমদ

**প্রশ্ন: প্রতিবছর কত তারিখে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয় ?**
উত্তর: ১৪ ডিসেম্বর

**প্রশ্ন: শেখ মুজিবুর রহমান কত সালে ছয়দফা ঘোষনা করেন?**
উত্তর: ১৯৬৬

**প্রশ্ন: ৭ জন বীরশ্রেষ্ঠের মধ্যে কে বিমান বাহিনীর সদস্য ছিলেন?**
উত্তর: মতিউর রহমান

**প্রশ্ন: নিচের কোন শহীদ বুদ্ধিজীবী পেশায় চিকিৎসক ছিলেন?**
উত্তর: মোহাম্মদ ফজলে রাব্বি

**প্রশ্ন: ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর প্রায় কতজন  পাকিস্তানি সৈন্য আত্মসমর্পণ করে?**
উত্তর: প্রায় ৯৩ হাজার

**প্রশ্ন: স্বাধীনতা লাভের পর কত তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তান থেকে মুক্তি পেয়ে বাংলাদেশে ফিরে আসেন ?**
উত্তর: ১০ জানুয়ারি , ১৯৭২

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে উত্থাপিত যুদ্ধবিরতি প্রস্তাবে বাংলাদেশের পক্ষে ভেটো প্রদান করে কোন রাষ্ট্র?**
উত্তর: সোভিয়েত ইউনিয়ন

**প্রশ্ন: দেশ স্বাধীনের পর বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান "পাকিস্তান সেনাবাহিনীর হাতে নির্যাতিত নারীদের যথাযোগ্য সম্মান এবং মর্যাদা" দেবার জন্য বাংলাদেশকে আহ্বান জানান এবং তাঁদের নিজের মেয়ে হিসেবে আখ্যায়িত করেন। বাংলাদেশ সরকার কর্তৃক বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে নির্যাতিত নারীদের দেয়া খেতাব এর নাম কী ?**
উত্তর: বীরাঙ্গনা

**প্রশ্ন: মুক্তিযুদ্ধ যাদুঘর ঢাকার কোন এলাকায় অবস্থিত?**
উত্তর: আগারগাঁও

**প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বিখ্যাত গান "মোরা একটি ফুলকে বাঁচাবো" এর সুরকার কে?**
উত্তর: আপেল মাহমুদ

**প্রশ্ন: যুদ্ধে পাকিস্তানের অবশ্যম্ভাবী পরাজয় আঁচ করতে পেরে যুক্তরাষ্ট্র পাকিস্তানকে সামরিক ভাবে সাহায্য করতে বঙ্গোপসাগরে কোন নৌবহর পাঠায়?**
উত্তর: ৭ম নৌবহর

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় কোন সেক্টরের কোন আঞ্চলিক সীমানা ছিল না?**
উত্তর: ১০ নং সেক্টর

**প্রশ্ন: সর্ব কনিষ্ঠ খেতাবধারী মুক্তিযোদ্ধার নাম কী**
উত্তর: শহীদুল ইসলাম

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে 'বীরপ্রতীক' খেতাব লাভকারী একমাত্র বিদেশী নাগরিক উইলিয়াম এ এস ওডারল্যান্ড কোন দেশের ছিলেন?**
উত্তর: নেদারল্যান্ডস

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধ কোথায় সংগঠিত হয়?**
উত্তর: গাজীপুর

**প্রশ্ন: নিচের কোন শহীদ বুদ্ধিজীবী পেশায় সাংবাদিক ছিলেন?**
উত্তর: সেলিনা পারভীন

**প্রশ্ন:  বীরবিক্রম উপাধিতে ভূষিত হন মোট কতজন ?**
উত্তর: ১৭৫ জন

**প্রশ্ন: বাংলাদেশের ইতিহাসে প্রথম জাতীয় পতাকা উত্তোলন করেছিলেন কে ?**
উত্তর:  আ.স.ম. আব্দুর রব

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধের কমান্ডার ইন চিফ কে ছিলেন?**
উত্তর: জেনারেল এমএজি ওসমানী

**প্রশ্ন: শহীদ জননী জাহানারা ইমামের ছেলে রুমী কোন গেরিলা দলের সদস্য ছিলেন?**
উত্তর: ক্র্যাক প্লাটুন

**প্রশ্ন: কুখ্যাত রাজাকার বাহিনী গঠন করেন কে?**
উত্তর: এ.কে.এম. ইউসুফ

**প্রশ্ন: মেহেরপুর জেলার বৈদ্যনাথতলার বর্তমান নাম কি?**
উত্তর: মুজিবনগর

**প্রশ্ন: পাকিস্তানের পক্ষ থেকে আত্মসমর্পণ দলিলে সাক্ষর করেন কে?**
উত্তর:  লেঃ জেঃ এ কে নিয়াজী

**প্রশ্ন: যুদ্ধ চলাকালীন ভারতে আনুমানিক কত বাঙালি শরণার্থি হিসেবে ছিলো?**
উত্তর: ১ কোটি

**প্রশ্ন: প্রবাসী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন?**
উত্তর: তাজউদ্দিন আহমেদ

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক প্রবন্ধ "একাত্তরের ঢাকা" এর রচয়িতা কে?**
উত্তর: সেলিনা হোসেন

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধ সম্পর্কে তৈরি প্রথম মোবাইল গেমের নাম কি?**
উত্তর: হিরোজ অফ ৭১

**প্রশ্ন: পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদের নির্বাচনে আওয়ামী লিগ ৩০০ আসনের মধ্যে কতটি আসন লাভ করে?**
উত্তর: ২৮৮

**প্রশ্ন: ১৯৭১ সালের ৬ মার্চ ইয়াহিয়া খান কাকে পূর্ব পাকিস্তানের গভর্নর নিয়োজিত করেন?**
উত্তর: জেনারেল টিক্কা খান

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে ভারতীয় আর্মির "চিফ অফ স্টাফ" কে ছিলেন? তিনি মুক্তিযুদ্ধে বাংলাদেশের পক্ষে গুরুত্বপূর্ণ অবদান রাখেন।**
উত্তর: স্যাম মানেকশো

**প্রশ্ন: কনসার্ট ফর বাংলাদেশে অংশ নেয়া উপমহাদেশীয় শিল্পীদের মধ্যে তবলায় কে ছিলেন?**
উত্তর: আল্লা রাখাঁ

**প্রশ্ন:  কনসার্ট ফর বাংলাদেশের আয়োজক জর্জ হ্যারিসন কোন দেশি?**
উত্তর: ব্রিটেন

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের মধ্যে লেখা একমাত্র উপন্যাস কোনটি? লেখক ছিলেন আনোয়ার পাশা।**
উত্তর: রাইফেল রোটি আওরাত

**প্রশ্ন: মুক্তিযুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধ গড়ে তোলেন কারা?**
উত্তর: ইস্ট বেঙ্গল রেজিমেন্ট

**প্রশ্ন: ১৯৭১ সালে পাকিস্তান পিপলস পার্টির নেতৃত্বে কে ছিলেন?**
উত্তর: জুলফিকার আলী ভুট্টো

**প্রশ্ন: বাংলাদেশকে স্বীকৃতি দানকারী প্রথম আফ্রিকান দেশ-**
উত্তর:  সেনেগাল

**প্রশ্ন: জিয়াউর রহমানের মুক্তিযুদ্ধে প্রাপ্ত খেতাব কি?**
উত্তর: বীর উত্তম

**প্রশ্ন: ২০১২ সালের ২৭ মার্চ কিউবার কোন নাগরিককে মুক্তিযুদ্ধে সমর্থন ও সাহায্যের জন্য স্বাধীনতা সম্মাননা দিয়েছে বাংলাদেশ সরকার?**
উত্তর:  ফিদেল কাস্ত্রো

**প্রশ্ন: কোন বীরশ্রেষ্ঠ পার্বত্য চট্টগ্রামের বুরীঘট গ্রামে মৃত্যুবরণ করেন?**
উত্তর: ল্যান্স নায়েক মুন্সি আবদুর রউফ

**প্রশ্ন: সেলিনা হোসেন এর "হাঙ্গর নদী গ্রেনেড" উপন্যাস এর উপর ভিত্তি করে কোন নির্মাতা একটি চলচ্চিত্র তৈরি করেন?**
উত্তর: চাষী নজরুল ইসলাম

**প্রশ্ন: ২ নং সেক্টর এর হেডকোয়ার্টার কোথায় অবস্থিত ছিল?**
উত্তর: মেলাঘর

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস "হাঙ্গর নদী গ্রেনেড" এর রচয়িতা কে?**
উত্তর: সেলিনা হোসেন

**প্রশ্ন: "কনসার্ট ফর বাংলাদেশ" কনসার্ট এর দুইটি পর্বেই জর্জ হ্যারিসন কোন গান দিয়ে শেষ করেন?**
উত্তর: Bangla Desh

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে ভারতের প্রধান মন্ত্রী কে ছিলেন?**
উত্তর: ইন্দিরা গান্ধী

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় বিমানবাহিনীর বিখ্যাত ইউনিট "কিলো ফ্লাইট" এর প্রধান করা হয় কাকে?**
উত্তর: স্কোয়াড্রন লিডার সুলতান মাহমুদ

**প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র কোনটি?**
উত্তর: ওরা ১১ জন

**প্রশ্ন: বর্তমান সিলেট বিভাগের অংশবিশেষ নিয়ে গড়ে তোলা সেক্টর ৪ এর কমান্ডার কে ছিলেন?**
উত্তর: মেজর চিত্তরঞ্জন দত্ত

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক গল্প "একাত্তরের যীশু" এর রচয়িতা কে?**
উত্তর: শাহরিয়ার কবির

**প্রশ্ন: মুক্তিযুদ্ধভিত্তিক চলচিত্র "ওরা ১১জন" এর নির্মাতা কে?**
উত্তর: চাষী নজরুল ইসলাম

**প্রশ্ন: "বীর উত্তম" খেতাবপ্রাপ্ত একমাত্র বেসামরিক ব্যাক্তি কে ছিলেন?**
উত্তর: আবদুল কাদের সিদ্দিকী

**প্রশ্ন: ৫ নং সেক্টর এর সেক্টর কমান্ডার কে ছিলেন?**
উত্তর: মেজর মীর শওকত আলী

**প্রশ্ন: সর্বমোট কতজনকে "বীর বিক্রম" পদকে ভূষিত করা হয়?**
উত্তর: ১৭৫

**প্রশ্ন: ১৯৭১ সালের ১ এপ্রিল কেরানীগঞ্জে সংঘটিত গণহত্যা কি নামে পরিচিত?**
উত্তর: জিঞ্জিরা

**প্রশ্ন: ৬ নং সেক্টর এর সেক্টর কমান্ডার কে ছিলেন?**
উত্তর: উইং কমান্ডার এম খাদেমুল বাশার

**প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় কয়টি ব্রিগেড গঠন করা হয়?**
উত্তর: ৩

**প্রশ্ন: ধলাইয়ের যুদ্ধে শহীদ হন কোন বীরশ্রেষ্ঠ ?**
উত্তর: হামিদুর রহমান

**প্রশ্ন: মহানন্দা নদীর তীরে পাকবাহিনীর উপর আক্রমণের সময় কোন বীরশ্রেষ্ঠ শহীদ হন?**
উত্তর: মহিউদ্দিন জাহাঙ্গীর

**প্রশ্ন: ১৯৭১ সালে সর্ববৃহৎ শরণার্থী শিবির কলকাতার কোথায় অবস্থিত ছিল?**
উত্তর: সল্ট লেক